

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৫৬

আগরতলা, ২৫ ফেব্রুয়ারি, ২০২০

রাজ্যের বর্তমান সরকার শিল্প সংস্কৃতির
প্রতি বিশেষভাবে শ্রদ্ধাশীল : উপমুখ্যমন্ত্রী

রাজ্যের বর্তমান সরকার শিল্প সংস্কৃতির প্রতি বিশেষভাবে শ্রদ্ধাশীল। শিল্প সংস্কৃতির পৃষ্ঠপোষকতায় নানা ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে। আজ চারু ও কারুকলা মহাবিদ্যালয়ে ৪৫তম বার্ষিক চিত্রকলা প্রদর্শনীর উদ্বোধন করে উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মা একথা বলেন। তিনি বলেন, পুরাতন রাজভবনকে মিউজিয়াম করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এই মিউজিয়াম শিল্প সংস্কৃতির বিকাশে উল্লেখ্যযোগ্য ভূমিকা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন। বর্তমান প্রজন্মের ছেলেমেয়েদের রাজ্যের ঐতিহ্যবাহী সংস্কৃতিকে তুলে ধরতে অগ্রণী ভূমিকা নেওয়ার জন্য তিনি আহ্বান জানান। তিনি এই চিত্রকলা প্রদর্শনীর আয়োজন করার জন্য আয়োজকদের ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সন্তোষ সাহা, চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য, বিশিষ্ট চিত্রশিল্পী বরুন চক্রবর্তী প্রমুখ।
